গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১৩।
www.pwd.gov.bd

# বিজ্ঞপ্তি

নং-২৫.৩৬.০০০০.২১১.১২.১১০.১১- ৩৬৩ তারিখঃ ২৪ ফেব্রুয়ারী ২০১৪খ্রিঃ

বিষয়ঃ- ২০১৪ খ্রিঃ সালের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠান এবং আবেদনপত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ- বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের স্মারক নং-৮০.১০৪.০৩৯.০০.০১.১ম.২০১৪/০৬ তারিখ ১৬/০২/২০১৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের ২০১৪খ্রিঃ সালের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা ২০১৪ সালের জুন মাসে অনুষ্ঠানের লক্ষ্যে বাংলাদেশ সরকারি কমিশনের ওয়েব সাইট website: www.bpsc.gov.bd এ বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। উক্ত পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক বিসিএস(গণপূর্ত) ক্যাডারের কর্মকর্তাগণকে Online-এ আবেদনপত্র দাখিল করতে হবে। পূর্বের ন্যায় দাখিলকৃত আবেদনপত্র এর প্রিন্টেড কপি (hard copy) এর সংশ্লিষ্ট কাগজপত্রসমূহ মন্ত্রণালয়ের মাধ্যমে সরকারি কর্মকমিশন সচিবালয়ে পৌছাতে হবে। ফরম পুরণের পুর্বে প্রার্থীগণ ওয়েব সাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির Instruction অংশটি ডাউনলোড করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়ে এবং প্রদত্ত তথ্য ও নির্দেশনা অনুসরণ করে ফরম পুরণ করতে হবে। ওয়েব সাইট (www.bpsc.gov.bd) এর মাধ্যমে কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত আবেদন Form পুরন করে Online Registration কার্যক্রম ২৭/০৩/২০১৪ তারিখ রাত ১২:০০ ঘটিকার মধ্যে সম্পন্ন করতে হবে।

এমতাবস্থায়, প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা জুন/২০১৪ এ অংশ গ্রহণে ইচ্ছুক বিসিএস(গণপূর্ত) ক্যাডারের সহকারী প্রকৌশলী (সিভিল) ও ই/এম কর্মকর্তাগণকে পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি (hard copy) ও সংশ্লিষ্ট কাগজপত্রসমূহ আগামী ৩০/০৩/২০১৪ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে পৌছাতে হবে। শেষ মুহুর্তের জটিলতা এড়ানোর লক্ষ্যে উল্লিখিত তারিখের পুর্বেই Online-এ আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে ম্যানুয়ালি তা মন্ত্রণালয়ের মাধ্যমে যথাসময়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ে পৌছানোর কাজে সহযোগিতা করার জন্য প্রার্থীগণকে পরামর্শ দেয়া হলো। আবেদন ফরমে অবশ্যই আবেদনকারীর স্বাক্ষর ও সীলমোহর থাকবে এবং দুই ফর্দে প্রেরণ করতে হবে। ৩০/০৩/২০১৪ তারিখ অফিস চলাকালীন সময়ের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র মন্ত্রণালয়ে অগ্রগামী করা হবেনা।

(মোঃ খোরশেদ আলম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ- ৯৫৬০১৪৬

স্মারক নম্বর-২৫.৩৬.০০০০.২১১.১২.১১০.১১-৩৬৩(২০০) তারিখঃ ২৪ ফেব্রুয়ারী ২০১৪খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সওস)/(পওবিপ্র)/(স্বাস্থ্য উইং)/(ই/এম) গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন- ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর।

০৩। নির্বাহী প্রকৌশলী, এম.আই.এস. সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
বিজ্ঞপ্তিটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।

০৪। জনাব ........................................................সহকারী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃ দাঃ)

..........................................................................................................

MIS